



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

১৪৬৫২
শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ।

নং- বামাশিবো/প্রশা/রংপুর-১৭৩/১০৬৭৬

তারিখঃ ২৬/০৩/২০১৭খ্রিঃ

বিষয়ঃ তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৪৭.৮৫৫৮.০০১.০৭.০০০.০১৭-১১২; তারিখঃ ২৪ জানুয়ারি ২০১৭
২) নং- বামাশিবো/প্রশা/রংপুর-১৭৩/১২৯৪/৩; তারিখঃ ২১/১২/২০১৫খ্রিঃ
৩) নং- বামাশিবো/প্রশা/রংপুর-১৭৩/১০৪২/৪; তারিখঃ ১৩/১০/২০১৫খ্রিঃ


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন বৈরাতি রহমানিয়া দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ আব্দুল হামিদ সর্দার এর বিরুদ্ধে স্বৈচ্ছাচারিতা, দুর্নীতি, মাদরাসার অর্থ আত্মসাৎ, ক্ষমতার অপব্যবহার, নিজ পুত্র বধুকে ভূয়া নিবন্ধন সনদের মাধ্যমে নিয়োগ প্রদানসহ বিভিন্ন অনিয়মের কারণে তাঁর প্রতি ম্যানেজিং কমিটির অপর ০৯(নয়)জন সদস্য অনাস্থা জ্ঞাপন করেন।

২) সভাপতি হিসাবে জনাব মোঃ আব্দুল হামিদ সর্দার এর এরূপ কার্যকলাপ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-১১, ৩৬, ৩৮ ও ৪১ এর পরিপন্থি হওয়ায় প্রবিধান- ৩৮(১) এর ক্ষমতাবলে কেন তার সভাপতি পদ বাতিল করা হবে না মর্মে সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে জনাব মোঃ আব্দুল হামিদ সর্দার জবাব দাখিল করেন। জবাবে তিনি তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ মিথ্যা, ষড়যন্ত্রমূলক এবং বানোয়াট মর্মে দাবী করেন। এছাড়া মাদরাসার ভারপ্রাপ্ত সুপারসহ ম্যানেজিং কমিটির ০৭(জন) সদস্য সভাপতির বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে প্রতিবাদ জানিয়েছেন এবং সভাপতি হিসাবে জনাব মোঃ আব্দুল হামিদ সর্দারকে বহাল রাখার জন্য আবেদন করেন (কপি সংযুক্ত)।

৩) অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণে জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুরকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিঠাপুকুর, রংপুর এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ১নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদনের মতামত অংশে দেখা যায়, সাবেক সভাপতি জনাব মোঃ আব্দুল হামিদ সর্দার এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ অভিযোগকারীগণ কর্তৃক লিখিতভাবে প্রত্যাহার করায় তদন্তের প্রয়োজন নেই মর্মে উল্লেখ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় অধিকতর স্বচ্ছতার স্বার্থে অভিযোগের বিষয়সহ মাদরাসার সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিঃস্বাক্ষরকারী বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক(২.....) পাতা।


২৩/৩/১৭
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ জেলা প্রশাসক, রংপুর।

নং- বামাশিবো/প্রশা/রংপুর-১৭৩/

তারিখঃ ১০/৩/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর।
২. জনাব মোঃ আব্দুল হামিদ সর্দার, সভাপতি ম্যানেজিং কমিটি, বৈরাতি রহমানিয়া দাখিল মাদরাসা, মিঠাপুকুর, রংপুর।
৩. সুপার, বৈরাতি রহমানিয়া দাখিল মাদরাসা, মিঠাপুকুর, রংপুর।
৪. সদস্যবৃন্দ ম্যানেজিং কমিটি, বৈরাতি রহমানিয়া দাখিল মাদরাসা, মিঠাপুকুর, রংপুর।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪